

UG 5th Semester Examination 2021

Bengali (Honours)

Paper Code : DSE 2A or 2B or 2C

[CBCS]

Time : Two hours

Full Marks : 32

যে কোনো একটি গুচ্ছের সব প্রশ্নের উত্তর লিখতে হবে।

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

2A (গুচ্ছ - ক) উপন্যাস ও ছোটগল্প

- ১। অভিজিৎ সেনের ‘রহু চণ্ডালের হাড়’ উপন্যাসের নামকরণের সার্থকতা আলোচনা করো। ৮
অথবা
‘রহু চণ্ডালের হাড়’ উপন্যাসের শারিবা চরিত্রটি বিশ্লেষণ করো। ৮
- ২। অভিজিৎ সেনের ‘রহু চণ্ডালের হাড়’ উপন্যাসে নিম্নবর্ণীয় জীবনধারার যে প্রকাশ ঘটেছে তা সংক্ষেপে আলোচনা করো। ৮
অথবা
‘রহু চণ্ডালের হাড়’ উপন্যাসটিকে কি আঞ্চলিক উপন্যাস বলা যায়? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৮
- ৩। অমিয়ভূষণ মজুমদারের ‘ততঃকিম’ গল্পের নামকরণের সার্থকতা বিচার করো। ৮
অথবা
অসুস্থ নবেন্দুর মানসিক দ্বন্দ্বের মাঝে বারবার এসেছে শীতের মাঠের কথা। বিমল করের ‘শীতের মাঠ’ গল্পে বিষয়টি কতটা শিল্পসফল হয়েছে তা বিশ্লেষণ করো। ৮
- ৪। ‘ভারতবর্ষ’ গল্পে সৈয়দ মুস্তাফা সিরাজ কোন ভারতবর্ষের কথা বলেছেন, গল্পটি অনুসরণে আলোচনা করো। ৮
অথবা
মানুষের মনের বিচিত্র ক্রিয়া-প্রতিক্রিয়াই রূপ লাভ করেছে নরেন্দ্রনাথ মিত্রের ‘রস’ গল্পের মোতালেফ ও মাজু খাতুনের সম্পর্কের মধ্যে দিয়ে -- বিষয়টি ব্যাখ্যা করো। ৮

2B (গুচ্ছ - খ) প্রবন্ধ (দ্বিতীয় পর্যায়)

Time : Two Hours

Full Marks:32

১। প্রমথ চৌধুরী তাঁর 'ভারতচন্দ্র' প্রবন্ধে বলেছেন, "ভারতচন্দ্র চেয়েছিলেন তাঁর কাব্যে প্রসাদগুণ থাকবে ও তা হবে রসাল।" ভারতচন্দ্রের কাব্যের এই বৈশিষ্ট্যকে প্রমথ চৌধুরী কীভাবে ব্যাখ্যা করেছেন তা আলোচনা করো।

৮

অথবা

'সাহিত্যে খেলা করবার অধিকার আমাদের আছে' বলতে প্রমথ চৌধুরী ঠিক কী বোঝাতে চান তা তাঁর 'সাহিত্যে খেলা' প্রবন্ধের মাধ্যমে বুঝিয়ে দাও।

২। "আমাদের জীবনের যে ঐক্য নেই, একথাও যেমন সত্যআমাদের মনে যে ঐক্যের আশা আছে সে কথাও তেমনি" - সত্যএই উক্তি মধ্য দিয়ে প্রমথ চৌধুরী ঠিক কী বলতে চেয়েছেন তা তাঁর 'ভারতবর্ষের ঐক্য' প্রবন্ধের মাধ্যমে বুঝিয়ে দাও।

৮

অথবা

বাংলার কৃষকের প্রকৃত অবস্থা প্রমথ চৌধুরীর 'রায়তের কথা' প্রবন্ধে যেভাবে বর্ণিত হয়েছে তা আলোচনা করো।

৮

৩। "আমাদের যে সাহিত্যের জগৎ তাকে সত্যও বলিতে পারিতেছি না, মিথ্যাও বলিতে পারিতেছি না,- সত্য-মিথ্যার মাঝখানে দাঁড়াইয়া সে আমাদের দিতেছে বিচিত্র রসানুভূতি" - শশিভূষণ দাশগুপ্তের 'সাহিত্যের স্বরূপ' প্রবন্ধে অবলম্বনে এই মন্তব্যটি আলোচনা করো।

৮

অথবা

"এ রস আমাদের ভারতীয় বা হিন্দু সাহিত্যের রস নয়, আমরা জীবনেও এ রসকে প্রশ্রয় দিই না" - কোন রস প্রসঙ্গে কেন এ কথা বলা হয়েছে প্রাবন্ধিকের বক্তব্য অনুযায়ী আলোচনা করো।

৮

৪। গোপাল হালদার তাঁর 'আধুনিক সাহিত্য' প্রবন্ধে যুগধর্মের নিরিখে আধুনিক ও পুরাতন সাহিত্যের যে ভেদরেখা চিহ্নিত করেছেন তা প্রাবন্ধিকের অনুসরণে বুঝিয়ে দাও।

৮

অথবা

'ছোটগল্প' প্রবন্ধে শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়ের বক্তব্য সংক্ষেপে আলোচনা করো।

৮

2C (গুচ্ছ – গ) কবিতা ও নাটক

Time : Two Hours

Full Marks :32

- ১। জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের ‘পুরুবিক্রম’ নাটকটি কি ঐতিহাসিক নাটক ? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৮
অথবা
জ্যোতিরিন্দ্রনাথের ‘পুরুবিক্রম’ নাটকের ঐলবিলা চরিত্রটি আলোচনা করো। ৮
- ২। জ্যোতিরিন্দ্রনাথের ‘পুরুবিক্রম’ নাটকে ব্যবহৃত গানগুলির প্রাসঙ্গিকতা আলোচনা করো। ৮
অথবা
গভীর বিজাতীয় প্রেমের দৃষ্টান্ত হিসেবে অম্বালিকা ও সেকেন্দার শাহ র প্রেমকাহিনি জ্যোতিরিন্দ্রনাথের ‘পুরুবিক্রম’ নাটকের অন্যতম সম্পদ - মন্তব্যটির যথার্থতা বিচার করো। ৮
- ৩। রবীন্দ্রনাথের ‘জীবনদেবতা’ কবিতায় কবির জীবনদেবতা-ভাবনা কীভাবে রূপায়িত হয়েছে তা আলোচনা করো। ৮
অথবা
“শিল্প, সৌন্দর্য, তত্ত্ব প্রভৃতি বিচার করলে ‘চিত্রা’ কাব্যকে সর্বশ্রেষ্ঠ গৌরব দিতে হয়।” উক্ত কাব্যের যে কোনো দুটি পাঠ্য কবিতা অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো। ৮
- ৪। ব্যাখ্যা করো (যে কোনো দুটি)। ৪+৪=৮
- ক) অন্তরমাঝে শুধু তুমি একা একাকী
তুমি অন্তর ব্যাপিনী।
একটি স্বপ্ন মুগ্ধ সজল নয়নে,
একটি পদ্ম হৃদয়-বৃন্ত-শয়নে,
একটি চন্দ্র অসীম চিত্তগগনে
চারি দিকে চিরযামিনী।
- খ) অন্তরমাঝে বসি অহরহ
মুখ হতে তুমি ভাষা কেড়ে লহ,
মোর কথা লয়ে তুমি কথা কহ
মিশায় আপন সুরা
- গ) স্বর্গে তব বহুক অমৃত,
মর্তে থাক সুখে দুঃখে অনন্তমিশ্রিত
প্রেমধারা- অশ্রুজলে চিরশ্যাম করি
ভূতলের স্বর্গখণ্ডগুলি।
-